



ধর্ষণ মামলায় শিবির নেতা জিসানের দুই দিনের রিমান্ড



শিবির নেতা জিসান। ছবি: সংগৃহীত

কুমিল্লায় এক নারীর করা ধর্ষণ মামলায় ছাত্রশিবিরের সাবেক কেন্দ্রীয় নেতা জিসান আহমেদ প্রধানের দুই দিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত।

রোববার (২১ জুন) কুমিল্লার সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত এ আদেশ দেন। মামলার তদন্তের স্বার্থে পুলিশ সাত দিনের রিমান্ড আবেদন করলেও শুনানি শেষে আদালত দুই দিনের রিমান্ড মঞ্জুর করেন।

মামলার এজাহার অনুযায়ী, গত ১২ জুন দাউদকান্দি মডেল থানায় এক নারী জিসান আহমেদকে প্রধান আসামি করে মামলা দায়ের করেন। নারী ও শিশু নির্যাতন দমন আইনে দায়ের করা ওই মামলায় মোট চারজনকে আসামি করা হয়েছে। মামলায় একাধিকবার ধর্ষণ ও ঋণ নষ্ট করার অভিযোগ আনা হয়েছে।

আদালত সূত্র জানায়, জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) রোববার জিসানকে আদালতে হাজির করে সাত দিনের রিমান্ড আবেদন করে। শুনানি শেষে বিচারক দুই দিনের রিমান্ড মঞ্জুর করেন এবং জিজ্ঞাসাবাদ শেষে তাকে পুনরায় আদালতে হাজির করার নির্দেশ দেন।

এর আগে নিখোঁজ হওয়ার পর কুমিল্লা রেলওয়ে জংশন এলাকা থেকে অচেতন অবস্থায় জিসানকে উদ্ধার করা হয় বলে দাবি করে তার পরিবার। পরে তাকে কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। চিকিৎসাহীন অবস্থায় ওই মামলায় তাকে গ্রেপ্তার দেখায় পুলিশ।

মেডিকেল বোর্ডের ছাড়পত্র পাওয়ার পর তাকে আদালতে হাজির করা হলে প্রথমে কারাগারে পাঠানো হয়। পরে তদন্তের স্বার্থে রিমান্ড আবেদন করলে আদালত দুই দিনের রিমান্ড মঞ্জুর করেন।